



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৬-২০১৭/৪১৬৬

তারিখ: ০৪/০৩/২০১৮

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ফরম পূরণ ও কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ০৬ মার্চ ২০১৮ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২০ মার্চ ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত কলেজে ২১ মার্চ ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ ভর্তি কার্যক্রমের ক্লাস ১০ এপ্রিল ২০১৮ তারিখ থেকে শুরু হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Master's tab এর Important Notice/Prospectus অপশন থেকে জানা যাবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ: প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর Masters Tab এর Apply Now (Master's Reg.) অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে।	০৬/০৩/২০১৮ থেকে ২০/০৩/২০১৮
২।	সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ: প্রার্থীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ফরম জমা দিতে হবে।	০৭/০৩/২০১৮ থেকে ২১/০৩/২০১৮
৩।	কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন নিশ্চয়নের তারিখ:	০৭/০৩/২০১৮ থেকে ২২/০৩/২০১৮
৪।	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে “ভর্তি ফি” খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100003245 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৫/০৩/২০১৮ থেকে ২৯/০৩/২০১৮
দৃষ্টি আকর্ষণ		
২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত User ID, Password এবং One Time Password (OTP) পেতে পূর্বের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর বহাল থাকবে। তবে নতুন অধিভুক্ত কলেজসমূহের জন্য অথবা যাদের ই-মেইল নম্বর পূর্বে প্রদান করা হয়নি তাদের User ID, Password এবং One Time Password (OTP) পেতে মোবাইল নম্বর ও ই-মেইল নম্বরসহ তীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর আবেদন করতে হবে।		

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

তীন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৭৪, ৯২৯২০৮৪

ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৬-২০১৭/৪১৬৬

তারিখ: ০৪/০৩/২০১৮

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স ও প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪